

# যুগান্তর

## //এইচএসসি ও সমমানের// পরীক্ষা কাল শুরু

এমসিকিউ পরীক্ষা আগে

### যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পরীক্ষা আগমনিকাল শুরু হচ্ছে। প্রথমদিন এইচএসসিতে বাংলা প্রথম গুরু এবং আলিমে কোরআন মজিদ বিধায়ের পরীক্ষা রয়েছে। প্রথমবারের মতো এবার এমসিকিউ অংশ পরীক্ষার প্রথম ৫০ মিনিটে নেয়া হবে। ১০ মিনিট বিরতি দিয়ে পরের দু'টোয়া নেয়া হবে সৃজনশীল অংশের পরীক্ষা।

এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, মান্দ্রিস ও কারিগরি বোর্ডের অধীনে ১২ লাখ ১৮ হাজার ৬২৮ জন শিক্ষার্থী এইচএসসি ও আলিম পরীক্ষায় অংশ নিচ্ছে। গতবছর পরীক্ষা ছিল ১০ লাখ ৭৩ হাজার ৮৮৪ জন। এর আগের বছর (২০১৪) পরীক্ষার্থী ছিল ১১ লাখ ৪১ হাজার ৩৭৪ জন। মোট পরীক্ষার্থীর মধ্যে ৯ লাখ ৬১ হাজার ৭০২ জন নিয়মিত। অনিয়মিত ২ লাখ ৪৬ হাজার ৩৪১ জন। এরা গতবছর সর্বনিম্ন এক বিষয় থেকে সব বিষয়ে ফেল করা। এছাড়া প্রাইভেট পরীক্ষার্থী ৪ হাজার ২০২ জন আর মানোষ্যন পরীক্ষার্থী আছে ৬ হাজার ৩৮৩ জন।

শিক্ষামন্ত্রী বুরুল ইমলাম নাহিদ জানিয়েছেন, নকলমুক্ত, শুষ্ঠি ও সুদর্শনে পরীক্ষা নেয়ার লক্ষ্যে সার্বিক প্রস্তুতি সম্পর্ক হয়েছে। প্রশ্ন ফাঁস টৈকাতে আমরা অত্যন্ত কঠোর। প্রশ্ন প্রশ্নযন্ত্র ছাপা, পরিবহন ও অন্যান্য কাজে জড়িতরা এবং কোচিং সেটার, ফেসবুক গোয়েন্দা নজরদারিতে আছে। পরীক্ষার সময় কেবেও আশপাশে ফটোকোপির দোকান বক্স থাকবে। পরীক্ষা নিয়ে শিক্ষক বা অন্য কোনো স্বার্থবেণী ব্যক্তি বা মহল কোনো ধরনের অন্যায়ে লিপ্ত হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। পরীক্ষার প্রশ্নগুলি ফাঁস তে দূরের কথা, বিভাস্ত ছড়ালেও দুটি আইনে বিচার করা হবে।

এর একটি হচ্ছে, ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইন, অপরাটি ২০০৬ সালের আইনিটি আইন। প্রথম আইনে ৪ বছরের কারাদণ্ড, অর্থদণ্ড আর পরের আইনে ৭ থেকে ১৪ বছরের কারাদণ্ড এবং অনধিক এক কোটি টাকা অর্থদণ্ডের বিধান আছে। তিনি পরীক্ষায় নকল সরবরাহ বা অন্য অপরাধ করা থেকে শিক্ষকদের বি঱ত থাকার আহ্বান জানিয়ে বলেছেন, কোনো শিক্ষক নকল সরবরাহ বা অন্য কোনোভাবে কাউকে পরীক্ষার হলে সহয়তার চেষ্টা করবেন না। যদি কেউ ধরা পড়েন তাহলে কেবল বিভাগীয় ব্যবস্থা নয় সেক্ষেত্রে গ্রেফতার, চাকরিচূড়া, বেতনকাটা, দণ্ডবিধিতে মাঝলাসহ নানা ব্যবস্থা নেয়া হবে।